



## জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১  
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu



### প্রেস বিজ্ঞপ্তি

‘একান্নবর্তী’ চলচ্চিত্র বিষয়ক তিন দিনব্যাপী অনুষ্ঠান উদ্বোধন  
মানসম্পন্ন একটি চলচ্চিত্র সমাজকে বদলে দিতে পারে  
-জাবি উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৬ মে ২০২৩।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম বলেছেন, চলচ্চিত্র গণমাধ্যমের একটি শক্তিশালী মাধ্যম। সমাজ, সংস্কৃতি, রাজনীতি চলচ্চিত্রের মাধ্যমে ফুটে উঠে। মানসম্পন্ন একটি চলচ্চিত্র সমাজকে বদলে দিতে পারে। সাম্প্রতিক সময়ে চলচ্চিত্রের এই অবস্থা কিছুটা নাজুক বলে মনে হয়। বহু সংখ্যক সিনেমা হল বন্ধ হয়ে গিয়েছে। ভালো মানের চলচ্চিত্রের অভাবে দর্শকরা সিনেমা হল থেকে মুখ ফিরিয়ে নিচ্ছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় চলচ্চিত্র ভিত্তিক সংগঠন জহির রায়হান ফিল্ম সোসাইটি আয়োজিত তিন দিনব্যাপী উৎসব ‘একান্নবর্তী’ অনুষ্ঠান উদ্বোধনকালে প্রধান অতিথির ভাষণে উপাচার্য এসব কথা বলেন। আজ বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তনের সম্মুখে সকাল সাড়ে নয়টায় এ উৎসব উদ্বোধনকালে উপাচার্য তাঁর ভাষণে আরও বলেন, এখন চলচ্চিত্রের সোনালী দিন ফিরিয়ে আনা জরুরি। সুস্থ্য ধারার চলচ্চিত্র আন্দোলন এ অবস্থা ফিরিয়ে আনতে পারে- অভিমত ব্যক্ত করে উপাচার্য এ লক্ষ্যে কাজ করার আহবান জানান। সংগঠনের সভাপতি রিফাত খান অনিকের স্বাগত বক্তব্যের মধ্যদিয়ে শুরু হওয়া উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক অধ্যাপক আহমেদ রেজা, উৎসবের পরিচালক অধ্যাপক ড. মাসুদ ইমরান, নির্মাতা ও চলচ্চিত্র পরিচালক অমিতাভ রেজা চৌধুরী, সিনেমার পোস্টার ডিজাইনার হানিফ পাশু প্রমুখ।

ড. মোহাম্মদ মহিউদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)

